

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০১৪.২০.২৪

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭

০৫ আগস্ট ২০২০

বিষয়: রিট পিটিশন নং-২০৯১/২০২০ মামলায় সরকার পক্ষের জবাব (**Affidavit in opposition**) দাখিলসহ আলোচ্য রিট মামলায় প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে গৃহীত পদক্ষেপ সম্পর্কিত তথ্য টিএমইডিতে প্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৭.০২.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: জাকির হোসেন, পিতা: মো: আব্দুল জব্বার মিয়া, অভিভাবক (শিক্ষার্থী: মোছা: জাফরিন আখতার), উত্তর কালামপুর হাতেমিয়া দাখিল মাদ্রাসা, গ্রাম: কালামপুর কালিবাড়ি, ডাক: উত্তর-পূর্ব কলাগাছিয়া, থানা: আমতলি, জেলা: বরগুনা কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২০৯১/২০২০ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলায় সরকার এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর উপর রুল নিশি জারির আদেশ জারী হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা২২৪১৯১০০০৭২১ /২৩২২৪ নথি নং-৬৬, তারিখ: ২৬.১১.২০১৯ খ্রি: মূলে উত্তর কালামপুর হাতেমিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির অনুমোদন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদানের প্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে, একটি পরিচ্ছন্ন ভোটার তালিকা প্রণয়নক্রমে পুন:নির্বাচনের দাবীতে আবেদনকারী জনাব মো: জাকির হোসেন কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২০৯১/২০২০ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. রুলনিশির আদেশের মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক পত্রখানার কার্যকারিতা ০৬ (ছয়) মাসের জন্য স্টে (Stay) করা হয়েছে।

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৫. উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৭.০২.২০২০ খ্রি: তারিখের রুল নিশিতে নিয়ন্ত্রণ নির্দেশ দেয়া হয়েছে:

“pending hearing of the Rule, let the operation of the notification vide Memo No. বামাশিবো/প্রশা224191000721/23224নথি নং 66 dated 26.11.2019 issued under the signature of the Registrar, Bangladesh Madrasha Education Board, Dhaka (respondent No.3) approving the Managing Committee of Uttar Kalampur Hatemia Dakhil Madrasha, Amtoli, Borguna (Annexure-F) be stayed for a period of 06 (six) months from date.”

০৬. মামলাটিতে সরকার তথা সচিব, টিএমইডি এবং চেয়ারম্যান বিএমইবি কে রেসপনডেন্টস করায় উক্ত মামলায় সরকার পক্ষের স্বার্থ নিশ্চিত করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারীর প্রেক্ষিতে কোন জবাব (**Affidavit in**

opposition) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা (পরবর্তী তারিখ উল্লেখক্রমে) কী; মামলাটি বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত উপরিউক্ত বিষয়ে তথ্য প্রয়োজন।

০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-২০৯১/২০২০ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলক্রমে (পূর্বে দাখিল না হয়ে থাকলে) মামলাটি বিষয়ে এ যাবৎ গৃহীত কার্যক্রমের প্রমাণক সহ তথ্য (পরবর্তী ধার্য তারিখ এবং কিসের জন্য ধার্য আছে তা উল্লেখপূর্বক) আগামী ২০.০৮.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৫-৮-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০১৪.২০.২৪/১(৭)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭
০৫ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৫-৮-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)